পরিশিষ্ট - ১

অনলাইন কোর্সে অংশগ্রহণের নিয়মাবলি

প্রশিক্ষণে অংশগ্রহণের শর্তাবলি

এই কোর্সে অংশগ্রহণকারী সকলকে অবশ্যই সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হতে হবে।

প্রশিক্ষণে রেজিস্ট্রেশন

অফলাইন উপাদানের সহায়তা নিয়ে যাঁরা এই প্রশিক্ষণ গ্রহণ করবেন তাঁদেরও প্রথমে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। তথ্য কমিশনের ওয়েবসাইট http://www.infocom.gov.bd-এ প্রবেশ করলে "সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার আইন, ২০০৯ প্রশিক্ষণ" শিরোনামে একটি লিংক পাবেন। লিংকটিতে ক্লিক করলেই অনলাইন প্রশিক্ষণের মূল পাতায় প্রবেশ করবেন।

তথ্য কমিশন

তথ্য অধিকার আইন, ২০০৯

সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ

"তথ্য অধিকার আইন - ২০০৯" সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ

কেন এই প্রশিক্ষণে অংশ নেবেন

সরকারি প্রায় সকল দপ্তরে তথ্য অধিকার আইনের আলোকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। সঠিকভাবে দায়িত্ব পালনের জন্য তাঁর তথ্য অধিকার আইন বিষয়ে পরিপূর্ণ জ্ঞান অর্জনের কাজটিকে সহায়তা করতে তথ্য কমিশন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করে থাকে। কিন্তু প্রচলিত ক্লাসরুম পদ্ধতিতে প্রশিক্ষণের মাধ্যমে সারা দেশের সব দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে এই আইন বিষয়ে পারদর্শী করে তোলা তথ্য কমিশনের জন্য অনেক বড় চ্যালেঞ্জ। বদলি বা অন্য অনেক কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়মিত পরিবর্তন হচ্ছে যা এই চ্যালেঞ্জ মোকাবেলার কাজটিকে আরো কঠিন করে দিচ্ছে। এসব দিক বিবেচনা করে স্বল্প সময়ের মধ্যে সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের আইনটিতে প্রশিক্ষিত করে তোলার লক্ষ্যে তথ্য কমিশন বাংলাদেশ তথ্য অধিকার বিষয়ক এই অনলাইন প্রশিক্ষণ কোর্স চালু করেছে।

সারাদেশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কথা বিবেচনায় রেখে এই অনলাইন প্রশিক্ষণটিতে দশটি ধাপে আইনের বিভিন্ন ধারা নিয়ে প্রয়োজনীয় আলোচনা করা হয়েছে। পাশাপাশি এই প্রশিক্ষণ কোর্সে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও তথ্য কমিশনের মাঝে সেতুবন্ধকারী হিসেবে অভিজ্ঞতা বিনিময় ও পারস্পরিক সহভাগিতার সুযোগ রাখা হয়েছে।

যেভাবে রেজিস্ট্রেশন করবেন

- অনলাইন প্রশিক্ষণটিতে রেজিস্ট্রেশন করতে **Click for Registration** এ ক্লিক করুন।
- একটি নতুন পেজ খুলবে। সেখানে আপনার Username/ইউজার নেম, Password/পাসওয়ার্ড, Email Address/ইমেইল দিন।
- ফর্মের নির্দিষ্ট জায়গায় আবার Email (again)/ইমেইল লিখুন।
- First Name/নামের প্রথম অংশ, Last Name/নামের শেষাংশ, City/শহর, Country/দেশ, Designation/পদবি, Mobile Number/মোবাইল নম্বর, Office Name/অফিসের নাম এবং Office Address/অফিসের ঠিকানা দিন।
- সব তথ্য দেয়ার পর Register Now বাটনে ক্লিক করুন।
- এবার আপনার Email-এ প্রবেশ করুন এবং ইনবক্স থেকে Online Training Courses: account confirmation ইমেইলটি খুলুন।
- To confirm your new account, please go to this web address: লিঙ্কটিতে ক্লিক করে আপনার রেজিস্ট্রেশন নিশ্চিত করুন এবং এরপর কন্টিনিউ বাটনে ক্লিক করুন।
- কন্টিনিউ বাটনে ক্লিক করলে, তা আপনাকে কোর্স পেইজে নিয়ে যাবে। সেখান থেকে বামপাশের Dashboard এ ক্লিক করুন। তারপর ডানপাশের Courses থেকে সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ লেখাটিতে ক্লিক করুন।
- এবার Enroll me বাটনে ক্লিক করুন। এখন আপনি এই কোর্সে অংশ নিতে পারবেন।

বিস্তারিত জানতে এখানে ক্লিক করুন...

মনে রাখবেন, আপনি যে নাম দিয়ে রেজিস্ট্রেশন করবেন, কোর্স শেষে আপনার সার্টিফিকেটটিও সেই নামেই ইস্যু হবে। তাই যে নামে সার্টিফিকেট পেতে চান সেই নামে রেজিস্ট্রেশন করুন।

আর রেজিস্ট্রেশন করা থাকলে **Login** এ ক্লিক করুন।

এ বিষয়ে কিছু জানার বা সহায়তার প্রয়োজন হলে যোগাযোগ করুন এই নম্বরে:- 01713225475 (রবি থেকে বৃহস্পতি সকাল ৯টা থেকে বিকাল ৫টা)

© Copyright প্রশিক্ষণ - "তথ্য অধিকার আইন ২০০৯". All Rights Reserved.

মনে রাখবেন, আপনি যে নাম দিয়ে রেজিস্ট্রেশন করবেন, কোর্স শেষে আপনার সার্টিফিকেটটিও সেই নামেই ইস্যু হবে। তাই যে নামে সার্টিফিকেট পেতে চান সেই নামে রেজিস্ট্রেশন করুন।

এ বিষয়ে কিছু জানার বা কোন সহায়তার প্রয়োজন হলে যোগাযোগ করুন- ০১৭১৩২২৫৪৭৫ নম্বরে।

মূল্যায়ন পদ্ধতি

প্রতিটি অধিবেশনের শেষে প্রশিক্ষণার্থীকে একটি মূল্যায়ন প্রক্রিয়ায় (Quiz) অংশ নিতে হবে। তবে অফলাইন প্রশিক্ষণার্থীদের জন্য এটা বাধ্যতামূলক নয়। আপনি অনলাইন কুইজে অংশ নিতে চাইলে আপনাকে লগইন করে অ্যাকাউন্টে প্রবেশ করতে হবে। সেখানে সংশ্লিষ্ট অধিবেশনের ভিডিও এবং পিডিএফ ডকুমেন্টের ঠিক নিচেই অধিবেশন কুইজ প্রশ্নমালা নামে একটি লিংক রয়েছে। এই লিংকে ক্লিক করে কুইজে অংশ নিতে হবে। লিংকটিতে ক্লিক করার পর আপনি কুইজ পাতায় প্রবেশ করবেন, সেখানে Start the quiz বাটনে ক্লিক করলে আপনি কুইজের একটি প্রশ্ন পাবেন। কুইজে প্রদত্ত প্রশ্ন থেকে উত্তর নির্বাচন করে Submit answer বাটনে ক্লিক করবেন। উত্তরটি সঠিক না ভুল হয়েছে তা সঙ্গে সঙ্গে জানিয়ে দেয়া হবে। পরবর্তী প্রশ্নের জন্য Next question বাটনে ক্লিক করতে হবে।

এভাবে সব প্রশ্নের উত্তর দেয়া শেষে সন্তুষ্ট হলে Submit this result বাটনে ক্লিক করতে হবে অথবা পুনরায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য Try again বাটনে ক্লিক করতে হবে। Submit this result বাটনে ক্লিক করার পর আপনার পরীক্ষা শেষ হবে। Review answer বাটনে ক্লিক করে আপনি আপনার পরীক্ষার ফলাফল এবং প্রতিটি পশ্নের সঠিক উত্তর দেখতে পাবেন।

কোনো কারণে পরীক্ষার মাঝপথে যদি পরীক্ষা ত্যাগ করতে হয়, তাহলে Finish later বাটনে ক্লিক করতে হবে। পরবর্তী সময়ে পরীক্ষাটি সম্পন্ন করতে আবার অধিবেশন কুইজ প্রশ্নমালাতে প্রবেশ করে Continue answering বাটনে ক্লিক করে পরীক্ষা সম্পন্ন করা যাবে।

অফলাইন প্রশিক্ষণার্থীদের জন্য প্রতিটি অধিবেশনের মূল্যায়ন প্রক্রিয়ায় (Quiz) অংশ নেয়া বাধ্যতামূলক না হলেও চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষায় সকলকেই অংশ নিতে হবে। সব কটি অধিবেশনে অংশগ্রহণ শেষে চূড়ান্ত পরীক্ষায় অংশ নিন। অনলাইনে অধিবেশন ১০ এ চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষার প্রশ্ন সংযুক্ত আছে। এ ক্ষেত্রে আপনাকে লগইন করে অ্যাকাউন্টে প্রবেশ করতে হবে এবং নির্ধারিত পন্থায় পরীক্ষায় অংশ নিতে হবে। চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হলে আপনি প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার স্বীকৃতিস্বরূপ তথ্য কমিশন থেকে ইস্যুকৃত একটি সনদপত্র পাবেন। সদনপত্রটি আপনার ইমেইলে চলে যাবে। এটি আপনি ডাউনলোড করে প্রিন্ট দিয়ে নিতে পারবেন। মনে রাখবেন, পরীক্ষায় উত্তীর্ণ হতে ৬০ ভাগের অধিক নম্বর পেতে হবে।

কোর্সের সময়সীমা

আপনার রেজিস্ট্রেশনের দিন থেকে মোট ১৫ দিনের মধ্যে কোর্সটি সম্পন্ন করতে হবে। অন্যথায় পুনরায় লগইন করে প্রথম থেকে শুরু করতে হবে।

প্রশিক্ষকদের সাথে যোগাযোগ

প্রশিক্ষণ চলাকালীন অথবা প্রশিক্ষণ পরবর্তী যেকোনো সময়ে প্রশিক্ষণার্থীগণের মনে আইনটি সম্পর্কে কোনো প্রশ্ন দেখা দিলে সেটি অনলাইনে প্রবেশ করে discussion-এ গিয়ে কোর্স ফোরামের মাধ্যমে জানতে চাইতে পারবেন। তথ্য কমিশনের প্রশিক্ষক প্যানেল পর্যায়ক্রমে সকল প্রশ্নের উত্তর প্রদান করবেন।

সাধারণ প্রশ্ন ও উত্তরসমূহ

প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের মনে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক যেকোনো প্রশ্ন জাগতে পারে। এ ধরনের কিছু সাধারণ প্রশ্ন ও তার উত্তর এই প্রকাশনার পরিশিষ্টে 'সাধারণ প্রশ্ন ও উত্তরসমূহ' নামে সংযুক্ত আছে। আপনার মনে কোনো প্রশ্ন তৈরি হলে দেখে নিন উত্তরটি সেখানে আছে কি না। উত্তর না পেলে অনলাইনে প্রবেশ করে discussion-এ গিয়ে প্রশিক্ষকের কাছে আপনার প্রশ্নটি করুন। তথ্য কমিশনের প্রশিক্ষক প্যানেল আপনার প্রশ্নের উত্তর দেবেন।